দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 JUN 2015
পৃষ্ঠা ১ কলাম ৮

# শিক্ষা খাতে বরাদ্দ ৩১ হাজার ৬১৮ কোটি টাকা

স্টাফ রিপোর্টার ॥ ২০১৫-১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য ৩১ হাজার ৬১৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। চলতি বছরের বাজেটে শিক্ষায় বরাদ্দ ছিল ২৯ হাজার ২১৩ কোটি টাকা। এর আগের অর্থবছর বরাদ্দ ছিল ২৫ হাজার ১১৪ কোটি টাকা। নতুন বাজেটে সামগ্রিক শিক্ষার মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের জন্য ১৭ হাজার ১১২ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দ ছিল ১৫ হাজার ৫৪০ কোটি। অন্যদিকে নতুন বাজেটে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ করা হয়েছে ১৪ হাজার ৫০২ কোটি টাকা। চলতি অর্থবছরের বাজেটে এর পরিমাণ ছিল ১৩ হাজার ৬৭৩ কোটি টাকা। বৃহস্পতিবার

(১৫ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## শিক্ষা খাতে

(১৬-এর পৃষ্ঠার পর)

বর্তমান সরকারের দ্বিতীয় বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সকলের জন্য গুণগত শিক্ষা নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিপরীতে মোট ৩১ হাজার ৬১৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি। প্রাথমিক শিক্ষার রিষয়ে অর্থমন্ত্রী বাজেট বক্তব্যে বলেন, প্রাথমিক পর্যায়েই শিক্ষার মূল ভিত্তি রচিত হয়। তাই আমরা মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেছি। ২০১৮ সালের মধ্যে প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা নিয়েছি। সেই সঙ্গে বিদ্যালয় নেই এমন গ্রামে এক হাজার ৫০০টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এর মধ্যে এক হাজার ১৯টি বিদ্যালয় নির্মাণ শেষ হয়েছে। অবশিষ্টগুলো নির্মাণাধীন। শতভাগ ভর্তির সুফল ধরে রাখতে ৯৩টি উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৩৩ লাখ ৯০ হাজার শিশুর জন্য স্কুল ফিডিং কার্যক্রম গ্রহণ করেছি। উদ্যোগ নেয়া হয়েছে স্কুল ফিডিং নীতিমালা প্রণয়নের। উচ্চশিক্ষার প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে তথ্যপ্রযুক্তির প্রয়োগ নিশ্চিত করতে ইতোমধ্যেই সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট নির্মাণের কাজ চলছে। এগিয়ে চলছে ১২৮টি উপজেলায় রিসোর্স সেন্টার স্থাপনের কাজ। চলমান রয়েছে বরিশাল প্রকৌশল কলেজ স্থাপনের কাজও। পাঁচটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়, গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ও সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়।

কারিগরি শিক্ষার উন্নয়ন বাজেট প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেছেন, কারিগরি শিক্ষার ব্যাপক প্রসারের জন্য ৯২৪ কোটি টাকা ব্যয়ে ১০০টি উপজেলায় একটি করে কারিগরি বিদ্যালয় স্থাপনের কাজ চলছে। প্রতিটি বিভাগীয় শহরে একটি করে গার্লস টেকনিক্যাল স্কুল, ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট, ৪টি বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এবং সকল বিভাগে একটি করে প্রকৌশল কলেজ স্থাপনের উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়েছে।

একই সঙ্গে চলমান থাকবে ইংরেজী ও গণিত শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ডের এক হাজার কোটি টাকা সিড মানির বিপরীতে অর্জিত ৭৫ কোটি টাকা মুনাফা থেকে স্নাতক ও সমপর্যায়ের মেয়েদের উপবৃত্তি কার্যক্রমও চলমান থাকবে বলে জানান অর্থমন্ত্রী।